

কবিতা

শমিত রায়

এফওয়াইআই

সব দ্যাখে। সব জানে সে। হয়তো তুমিও অতটা জানো না নিজেকে। হয়তো তুমি জানোই না পথ চলতে যেখানে দাঁড়িয়েছিলে, সিগারেট জ্বালাবে বলে, ঠিক তার পাশেই ছিলো একানন্দের বাসা। সে জানে। কখন তোমার হাত, আঙুন দেওয়ার ফাঁকে, অজান্তে ছুঁয়ে গ্যাছে ভূতের আঙ্গুল। মনেই রাখো নি তুমি। বেখেয়ালে চলে গ্যাছো কানা এক অন্ধকার গলি। খেয়াল রেখেছে সে। মানচিত্রে ফুটিয়ে রেখেছে পিন, কানাগলি ধরে। লাল রঙে দাগিয়ে রেখেছে তোমার পায়ের সব অসতর্ক ছাপ। হয়তো জানোই না তুমি, কিন্তু সে জানে সব। জানে আজ যে বারান্দায় তুমি, দড়িতে শুকাচ্ছে তোমার ছাই রঙা জামা, তুমিও জানো না, যার সেলাই খুলেছে কবে বগলের কাছে। অথচ সে জানে। গোচরে রেখেছে সব। তোমার সকল গোপন।

#লেখার_নাম : জিপিএস

সে তোমার দেওয়াল উল্টে দিয়েছে। যেন বালিশের ওয়াড়ের ভিতর হাত ঢুকিয়ে উল্টেছে কাচার আগে। তোমার শোওয়ার ঘরের দেওয়াল এখন তোমার বাইরের পাঁচিলের বাইরের পিঠ। তোমার বিগত পিতা-মাতার গন্ধর্ববিবাহের কোনো মধ্যবিত্ত ছবি, সে গলির দেওয়ালে লটকে দিয়েছে নুন শো'র ছাপাই পোস্টারে। তোমার অস্বাণ ও অনস্বাণের অনুভূতিমালা, তোমার বাদামপাহাড় আর অন্য ফলপাকুড়ের দেশে হারিয়ে যাওয়া চটিগুলি, ধ্বজভঙ্গের বিজ্ঞাপনে সঁটে দিয়েছে সে খোলা পেছাবঘরের দেওয়ালের শুকনো অংশে। তোমার প্রাতঃরাশের নিজস্ব রুটি সে চায়ের দোকানে মেনুবোর্ডে লাগিয়ে দিয়ে দাম লিখেছে ভুল বানানে। তোমার ঘরের দেওয়াল উল্টে দিয়েছে সে, কাচার জন্য খুলে নেওয়া বালিশের ওয়াড়ের মতো। আর তুমি হাঁ করে দেখেছো। হাহা দিয়েছো। লাভ ও লাইক মেরেছো যথাযথ।

#লেখার_নাম : এফবি

নিশির ডাকের মতো তোমাকে ডেকেছে সে অশৈলী সময়ে। তোমার মুঠোর অনিচ্ছায় ঠেসে দিয়েছে শুভ সাড়ে সকাল ও পৌনে রাত্রির কাঁড়ি কাঁড়ি শুভেচ্ছাগোলাপ আর ক্যালানে সূর্যোদয়ের ছাপা ছবির অজস্র পুরানো ক্যালেন্ডার লটকে দিয়েছে সে তোমার ভোরের জানলায়। তোমার চানঘরের দরজার গোপন ছুঁয়ে দাঁড়িয়ে

শ্যাম

থেকেছে সে অস্ফুট ডিং শব্দে বানচাল করে দিয়েছে তোমার সকল স্বস্তির আয়োজন। সে তোমার কান কেড়ে নিয়েছে অহোরাত্র তোমার মন পড়ে আছে তোমার কানের কাছে কিন্তু তোমার কান এখন আর তোমার কাছে নেই। তোমার নিদ্রা ও নির্জনের মধ্যে সে নীল টিকের জোড়া জুকুটিতে কুচি কুচি উড়িয়ে দিয়েছে যেটুকু আপন ছিল তোমার একার। আর তুমি চুপচাপ। বাক্যহারা। অশক্ত আঙ্গুল ঠুকে ঠুকে নিত্যনতুন স্মাইলিতে শুধু ঢেকে দিয়েছে নিজের মুখচ্ছবি।

#লেখার_নাম : ডব্লুএ

Copyright © 2019

Samit Roy

Published 1st Nov, 2019



শমিত রায় মূলতঃ দৃশ্যশিল্পী। শমিত বাংলাভাষায় দৃশ্যকবিতার পাইয়োনায়ার। সঙ্গে এক অনবদ্য কবিতা আঁকিয়েও। আজকাল চিংড়ির চাষ করছেন। লেখেন কম, আঁকেনও, তবু তারই মধ্যে কৌরব চাইলে কিছুটা সময় বের করে নেন। প্রকাশিত বই—তৃতীয় বিশ্বের ইতিহাস (প্রথম ভাগ), উহা।